জীবননগরে অস্ত্রসহ সালাম আটক

চুয়াডাঙ্গার জীবননগরে আগ্নেয়াস্ত্রসহ নানা অপরাধের হোতা ও ডাকাত সর্দার আব্দুস সালাম (৫০) পুলিশের হাতে আটক হয়েছে।

গত শুক্রবার রাত সাড়ে ১০টার সময় জীবননগর-চুয়াডাঙ্গার সড়কের মনোহরপুর বাসস্ট্যান্ড থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

সালাম মনোহরপুর গ্রামের নিয়ামত আলী মৃধার ছেলে।

গতকাল শনিবার দুপুরে পুলিশ সালাম ডাকাতের গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেন।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ফেরদৌস ওয়াহিদ সঙ্গীয় ফোর্স নিয়ে রাতে টহলে বের হন। এ সময় গোপন সংবাদের ভিক্তিত্বে জানা যায়, মনোহরপুর গ্রামের চিহ্নিত মাদক ব্যবসা, ডাকাতী, আদম ব্যবসাসহ নানা অপরাধের মূল হোতা আব্দুস সালাম অপরাধ সংঘটিত করতে প্রস্তুতি নিচ্ছে।

রাত সাড়ে দশটার দিকে তিনি জীবননগর-চুয়াডাঙ্গা সড়কের মনোহরপুর গ্রামের বাসস্ট্যান্ডের কাছে পৌঁছান। এ সময় তিনি রাস্তার পাশে সালামকে দেখতে পেয়ে গ্রেপ্তার করে। এ সময় তার দেহ তল্লাশি করে একটি দেশিয় ওয়ান স্যুটারগান উদ্ধার করা হয়।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. সাইফুল ইসলাম বলেন, গ্রেপ্তারকৃত আব্দুস সালাম একজন চিহ্নিত অপরাধী। তার বিরুদ্ধে জীবননগর থানাসহ আশপাশের থানায় একাধিক ডাকাতি ও ছিনতাইয়ের মামলা রয়েছে। এ ছাড়াও সে বিজিবি সোর্স শোভা হত্যা মামলার এজাহারভূক্ত আসামি।

তার বিরুদ্ধে বেআইনী অস্ত্র বহনের মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

জীবননগরে তারেক জিয়ার ৫৬তম জন্মদিন পালিত

জীবননগরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়েছে। গতকাল শনিবার সকাল ১০টার সময় জীবননগর পৌর ছাত্রদল ও জীবননগর ডিগ্রী কলেজ ছাত্রদলের আয়োজনে জীবননগর উপজেলা বিএনপির কার্যালয়ে তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা ছাত্র দল নেতা মামুন,পারভেজ, মাজেদ, রুবেল, সাগর, সুজন, জিল্লুর, রব্বানী, বাপ্পি, রিমন, পৌর ছাত্র দলের আহবায়ক কিরন হাসনাত রাসেল, যুগ্ন-আহবায়ক শহিদ আফ্রিদি, শাওন আহম্মেদ, সাজেদুর রহমান সম্রাট, শাহিন হোসেন, সদস্য সচিব আব্দুল্লাহ আল মাসুদ, সদস্য আমানউল্লাহ, কলিং, নাঈম, ডিগ্রী কলেজ ছাত্রদলের আহবায়ক মনিরুল ইসলাম, যুগ্ন-আহবায়ক স্বাধীন, সুমন, এজাজ, সদস্য সচিব আশিকুর রহমান রোমান, সদস্য অংকন, মুক্তার কাজী, জিহাদ, সাব্বির প্রমুখ।

আলোচনা সভা শেষে বেগম খালেদা জিয়া এবং তারেক রহমানের সুস্থতা কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠত হয় এবং কেককাটার মধ্যে দিয়ে অনুষ্ঠানটি সমাপ্ত হয়।

যে কোন সময় ব্যাংক ডাকাতিতে জড়িততরা গ্রেফতার হবে- খুলনার ডিআইজি

চুয়াডাঙ্গার জীবননগরে উথলী সোনালী ব্যাংক শাখায় দিনে দুপুরে ডাকাতির ঘটনায় জড়িতদের কাউকে ছাড় দেয়া হবে না বলে জানিয়েছেন খুলনা রেঞ্জের ডিআইজি ড. খন্দকার মহিদ উদ্দিন। ক্লু ধরে মামলার বিষয়ে অনেক দূর এগিয়েছে পুলিশ।অপরাধী যেই হোক তাকে শাস্তির

আওতায় আনা হবে বলেও জানান তিনি।

আজ বৃহস্পতিবার দুপুর ২টায় চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমি চত্বরে বিট পুলিশিং সভায় যোগদান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে একথা বলেন তিনি। তিনি জানান, ৫ দিন হলো ঘটনাটি ঘটেছে। এরই মধ্যে ঘটনাস্থল থেকে উদ্ধার করা আলামতের সূত্র ধরে অনেক দূর এগিয়েছে পুলিশ।

খুব শিঘ্রই অপরাধীদের গ্রেফতার করে সামনে নিয়ে আসা হবে। অপরাধীদের চিহ্নিত করে গ্রেফতার করতে গুরুত্ব দিয়ে কাজ করছে পুলিশের বিভিন্ন বিভাগ। ডিআইজি বলেন, ব্যাংক ডাকাতির ঘটনায় জড়িতদের গ্রেফতার এখন সময়ের ব্যাপার। ব্যাংক ডাকাতির ঘটনায় গত ৫ দিন ধরে পুলিশের বেশ কয়েকটি টিম দিনরাত কাজ করেছেন। তদন্তে গুরুত্বপূর্ণ তথ্য পুলিশের হাতে এসেছে। দুই একদিনের মধ্যেই এর সাথে জড়িতদের গ্রেফতার করে আইনের আওতায় আনা হবে।

চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমি চত্বরে আয়োজিত বিট পুলিশিং সভায় সভাপতিত্ব করেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন খুলনা রেঞ্জের ডিআইজি ড. খন্দকার মহিদ উদ্দিন বিপিএম (বার)। বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদ চেয়ারম্যান শেখ সামসুল আবেদিন খোকন, সদর উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নানসহ অন্যরা।

উল্লেখ্য,গেল রোববার দুপুর ১টার দিকে জীবননগরে উথলী সোনালী ব্যাংক শাখায় দিনে দুপুরে ডাকাতির ঘটনা ঘটে। এসময় হেলমেট ও পিপিই পরিহিত তিন অস্ত্রধারী ব্যাংক কর্মকর্তাদের অস্ত্রের মুখে জিম্মি করে নগদ ৮ লাখ ৮২ হাজার ৯০০ টাকা লুট করে পালিয়ে যায় ডাকাতরা।পরে ঘটনার দিন রাতে বাদী হয়ে জীবননগর থানায় অজ্ঞাত তিনজনকে আসামী করে একটি মামলা দায়ের করেছেন ব্যাংকের ব্যবস্থাপক আবু বক্কর সিদ্দিক।

জীবননগরে কৃষকদের মাঝে

বিনামূল্যে ধান বীজ বিতরণ

জীবননগরে প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ধানের বীজ বিতরণ করা হয়েছে। গতকাল সকাল সাড়ে ১০টার সময় বায়ার ফর বাংলাদেশ কোম্পানীর আয়োজনে উপজেলা সাহিত্য পরিষদে জীবননগর উপজেলার ১৬৭জন কৃষকদের মাঝে বিনামূল্যে ধানের বীজ বিতরণ করা হয়।

বায়ার ফর বাংলাদেশ কোম্পানীর কৃষি বীদ জি এম মাসুদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃষকদের মাঝে ধানের বীজ বিতরণ করেন জীবননগর উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপসহকারী কৃষি কর্মকর্তা জাহাঙ্গীর আলম, বায়ার ফর বাংলাদেশ কোম্পানীর এম ডি ও বাবুল আক্তার, এম ডি ও ইখলাচুর রহমান। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন এসি হারুন আর রশীদ।

জীবননগরে প্রতিবন্ধীর মাঝে হুইল চেয়ার বিতরণ

প্রতিবন্ধী আঃ রহিম উপজেলা সমাজ সেবা অফিস থেকে পেল হুইল চেয়ার। প্রতিবন্ধী আঃ রহিম জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রামের দিনমজুর হযরত আলীর ছেলে।

গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় সীমান্ত ইউনিয়ন সমৃদ্ধ যুব কমিটির আয়োজনে সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি সাবেক ইউপি চেয়ারম্যান শাজাহানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গয়েশপুর নবারুন ক্লাবের সামনে আনুষ্ঠানিক ভাবে প্রতিবন্ধী আঃ রহিমকে হুইল চেয়ার প্রদান করেন, জীবননগর উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু, সাংবাদিক মিঠুন মাহমুদ, তুহিনুজ্জামান প্রমুখ। উক্ত

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন আশাদুজ্জামান লিটন।

জীবননগরে কালেক্টরেট সহকারী সমিতির মানববন্ধন

বাংলাদেশ কালেক্টরেট সহকারী সমিতির (বাকাসস) কেন্দ্রীয় কমিটি কতৃক ১১-১৬ গ্রেডের কর্মচারীদের পদবী পরিবর্তনসহ গ্রেড উন্নীতকরণের দাবিতে ৪দিন ব্যাপী কর্মবিরতি পালন করেছে।

গতকাল মঙ্গলবার সকাল ১০টার সময় বাংলাদেশ কালেক্টরেট সহকারী সমিতি (বাকাসস) জীবননগর উপজেলা শাখার আয়োজনে জীবননগর উপজেলা প্রশাসনিক ভবনের সামনে এ কর্মবিরতি পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসের অফিস সুপারিনটেনডেন্ট শাজাহান সিরাজ, সার্ট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর সালাউদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর আব্দুল আউয়াল, সার্টফিকেট সহকারী নাজমা খাতুন এবং উপজেলা ভূমি অফিসের হারুন আর রশিদ ।

জীবননগরের অর্থনীতিতে খেজুর গাছ আশীর্বাদ

প্রতিটি মাঠের ক্ষেতের আইলে, রাস্তার পাশে, পুকুর পাড়ের অযত্নে, অবহেলায় বেড়ে ওঠা খেজুরের গাছ জীবননগর উপজেলার অর্থনীতিতে আর্শীবাদ।

শীত মৌসুমে রস-গুড় উৎপাদন করে প্রায় ৬ মাস স্বাচ্ছন্দ্যে জীবিকা নির্বাহ করে উপজেলার কয়েক হাজার পরিবার। খেজুরের রস, গুড় ও

পাটালি উৎপাদনে প্রসিদ্ধ উপজেলা জীবননগর। দেশের বাইরেও এর বেশ কদর রয়েছে। আসছে শীত, রীতিমত ব্যস্ত হয়ে পড়েছেন গাছিরা। উপজেলার সবখানেই শুরু হয়েছে খেজুর রস সংগ্রহের কর্মযজ্ঞ।

গাছিরা খেজুর গাছের ডাল-পালা পরিষ্কার করাসহ যাবতীয় কাজ চালিয়ে যাচ্ছেন পুরোদমে। দিন দশেক পরেই মিলবে রস, গুড় ও পাটালি। রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে বিক্রি হয় এ উপজেলার গুড়-পাটালি।

উপজেলার মনোহরপুর ইউনিয়নের মাধবপুর গ্রামের গাছি আজিজ মিয়া জানান, একশ খেজুর গাছ প্রস্তুত করেছেন এবার। এর থেকে রস-গুড়, পাটালি বিক্রি করে প্রায় ৬ মাস সংসার চলে যাবে তার।

একই এলাকার গাছি হযরত আলী জানান, রস সংগ্রহে গাছে ভাঁড় (মাটির তৈরীর পাত্র) বাঁধার আগে প্রতিদিন ভাঁড়গুলো ধুয়ে নিয়ে আগুন দিয়ে পোড়া দিই। সেই সাথে খেজুরের পাতা দিয়ে ভাঁড় ঢেকে দিই। এভাবে প্রতিদিন রস সংগ্রহ করি। এ ছাড়াও গুড়-পাটালি করার সময় কোন কেমিক্যাল মেশানো হয়না।

জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার বলেন, বাঁদুড়ের মাধ্যমে খেজুর রসে নিপাহ ভাইরাস ছড়ানোর আশংকা থাকে।

এ জন্য গাছিরা যে পাত্রে রস সংগ্রহ করবে সেটা যেন ভাল করে ঢেকে রাখে। যেন বাঁদুড় বা অন্য কোন প্রাণী রস ছুতে না পারে। ভোক্তারা যাতে স্বাস্থ্য সম্মত উপায়ে প্রস্তুত খেজুরের রস-গুড় পেতে পারে এজন্য কাজ করে যাচ্ছে কৃষি বিভাগ।

জীবননগর সীমান্তে প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন

জীবননগরে সীমান্ত প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার বেলা ১২টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের হরিপুর গ্রামে এ প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন

করা হয়।

৪নং সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দীন ময়েনের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাজী আঃ মালেক মোল্লা, জীবননগর ডিগ্রী কলেজের প্রভাষক মতিয়ার রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের প্রভাষক আতাউর রহমান রাসেল, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু,

সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর শুকুর ,আওয়ামী লীগ নেতা রফিকুল ইসলাম পচা, আজিজুর রহমান, সীমান্ত ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়রাম্যান আব্দুল কাদের, ইউপি সদস্য ইমাদ আলী, আঃ সালাম, আয়ুব আলী, সাবেক শিক্ষক শওকত আলী, মুসলেহ উদ্দিন, নাজমুল আরেফিন, সোহেল রানা, সাদিয়া সুলতানা প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন মাওলানা আনিসুর রহমান।

জীবননগর গঙ্গাদাশপুর যুব সংগঠনের মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর গঙ্গাদাশপুর যুব সংগঠনের মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের সে¦চ্ছাসেবী সংগঠন গঙ্গাদাশপুর যুব সংগঠনের আয়োজনে এ মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত।

গঙ্গাদাশপুর যুব সংগঠনের সভাপতি শাহিন কবিরের সভাপতিত্বে মাসিক আলোচনা সভায় উপস্থিত ছিলেন গঙ্গাদাশপুর যুব সংগঠনের উপদেষ্ঠা সাংবাদিক মিঠুন মাহমুদ, রাজিব হোসেন রাজু, সহ-সভাপতি আনারুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, যুগ্ন-সম্পাদক অনিক রহমান রনি, আরুক হোসেন, আকাশ মিয়া, বিপ্লব হোসেন, রিদয় প্রমুখ।

জীবননগরে রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগরে দৌলৎগঞ্জ এইট স্টার স্মৃতি রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টার সময় দৌলৎগঞ্জ যুব সংঘের আয়োজনে পৌর কাউন্সিলার শোয়েব আহম্মেদ অঞ্জনের বাড়ি সংলগ্ন মাঠে এ খেলার উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ মুকু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম, জীবননগর পৌর সভার ৪নং ওর্য়াড কাউন্সিলার শোয়েব আহম্মেদ অঞ্জন, ৩নং ওর্য়াড কাউন্সিলার সাংবাদিক আতিয়ার রহমান, সাবেক ফুটবলার সিরাজুল ইসলাম, শাজাহান কবির, সাংবাদিক মিঠুন মাহমুদ প্রমুখ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন দৌলৎগঞ্জ যুব সংঘের সভাপতি মহিবিল্লাহ ।